কার্যকরী কমিটিসমূহ Functional Committees

স্ট্যান্ডিং কমিটি

কর্পোরেশনের প্রশাসনিক কার্যক্রম সুসম্পন্নকরণ, ঋণ প্রদান ও ঋণ আদায়ের ক্ষেত্রে গতিশীলতা আনয়ন এবং নতুন নতুন পদক্ষেপ গ্রহণে স্ট্যান্ডিং কমিটি কাজ করে থাকে। তহবিল ব্যবস্থাপনা, মাঠ কার্যালয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান এবং প্রয়োজনে গুরুত্বপূর্ণ বিষয়ে পরিচালনা পর্ষদে প্রস্তাবও পেশ করেন। ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে এ কমিটি পরিচালিত হয়।

ম্যানেজমেন্ট ট্রেডিং কমিটি

কর্পোরেশনের ঋণ কার্যক্রম আরও সহজ ও নিরাপদ করার জন্য সকল প্রকার ঋণ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, হালনাগাদকরণ এবং বিভিন্ন প্রোডাক্টের আওতায় ঋণ প্রদানের সুপারিশসহ ঋণ সংক্রান্ত যে কোন কার্যক্রম এই কমিটির আওতাভুক্ত। উপ-ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে এই কমিটির কার্যক্রম পরিচালিত হয়।

সেন্ট্রাল ডিসিপ্লিনারী কমিটি (সিডিসি)

কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত বিভাগীয় শৃংখলামূলক কার্যক্রম নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদানের জন্য সেন্ট্রাল ডিসিপ্লিনারী কমিটি (সিডিসি) গঠন করা হয়। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সকল মহাব্যবস্থাপক সদস্য হিসেবে ও উপমহাব্যবস্থাপক (অডিট) সদস্য সচিব হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত থাকেন।

পর্ষদ অডিট কমিটি

বিএইচবিএফসি'র কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালনসহ পরিচালনা পর্ষদের সার্বিক পরিবীক্ষণ (মনিটরিং) দায়িত্ব সূচারুভাবে সম্পন্ন করার জন্য পরিচালনা পর্ষদের আওতায় 'পর্ষদ অডিট কমিটি' নামে একটি সহায়ক কমিটি কর্পোরেশনের আর্থিক প্রতিবেদন, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, নিরীক্ষা পদ্ধতি এবং স্বীয় ব্যবসা বিধি পরিবীক্ষণ/পর্যালোচনা করে থাকে। পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত ০১ (এক) জন পরিচালক সভাপতি ও ২ (দুই) জন পরিচালক সদস্য হিসেবে এবং পরিচালনা পর্ষদের সচিব কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

আদায় মনিটরিং সেল/কমিটি:

“ঋণ আদায় নীতিমালা-২০১৫”, “আদায় নির্দেশিকা ২০১৮” এবং বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা অনুসরণপূর্বক কর্পোরেশনের ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত এবং ফলপ্রসূ করার লক্ষ্যে সার্বিক বিষয়ে তদারকি, মাঠ কার্যালয়ের কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং প্রয়োজনীয় পরামর্শ/দিক নির্দেশনা প্রদানে আদায় মনিটরিং সেল কাজ করে। সহকারী মহাব্যবস্থাপক (আদায়) বিদ্যমান সেলে সভাপতিত্ব করেন।

খরিদাবাড়ি ম্যানেজমেন্ট কমিটি (কেএমসি):

কর্পোরেশনের খরিদাবাড়ি সংক্রান্ত সকল কার্যক্রম আরও সহজ ও নিরাপদ করার লক্ষ্যে বাড়ি ক্রয়, দখলগ্রহণ, দখলপ্রাপ্ত খরিদাবাড়ি বিক্রয় এবং ব্যবস্থাপনা সংক্রান্ত বিদ্যমান নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনপূর্বক যুগোপযোগী নীতিমালা প্রণয়নসহ খরিদাবাড়ি সংক্রান্ত বিদ্যমান সমস্যাসমূহ দ্রুত সমাধানকল্পে খরিদাবাড়ি ম্যানেজমেন্ট কমিটি কার্যক্রম পরিচালনা করে। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কমিটির সভাপতিত্ব করেন।

ইনোভেশন টিম:

নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, ইনোভেশন টিমের কার্যক্রম মূল্যায়ন, প্রতিবেদন তৈরী ও সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ে প্রেরণসহ এতদসংক্রান্ত সামগ্রিক কার্যক্রম ইনোভেশন টিম কর্তৃক সম্পন্ন হয়। একজন মহাব্যবস্থাপক ইনোভেশন অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।

এসডিজি কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ কমিটি:

জাতিসংঘ ঘোষিত ও সরকার প্রণীত ম্যাপিং অনুযায়ী কর্পোরেশনের এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পলিসি গ্রহণ, প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, বাস্তবায়ন পরিবীক্ষণসহ সরকার ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগে মাধ্যমে অভিষ্ট লক্ষ্যে পৌঁছানোর নিমিত্ত এসডিজি কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ কমিটি কাজ করে। উপ-ব্যবস্থাপনা পরিচালক এ কমিটিতে সভাপতিত্ব করেন।

দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন কমিটি:

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুরসরণপূর্বক এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্পোরেশনের যাবতীয় ক্রয় কার্য সম্পন্ন করে।

বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম (Annual Performance Management Team):

সরকার ঘোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাজিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকাণ্ডে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়। এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নীতিমালা ২০১৬-২০১৭ এর নির্দেশনা মোতাবেক একটি বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম গঠন করা হয়। এ টিম এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের শতভাগ অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও ফলোআপ করাসহ এতদসংক্রান্ত, অর্জন পরিবীক্ষণ এবং মূল্যায়ন প্রভৃতি কার্যক্রম সম্পন্ন করে থাকে। উপ-ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে এই কার্যক্রম পরিচালিত হয়।

নৈতিকতা কমিটি:

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম কর্পোরেশনের নৈতিকতা কমিটি কর্তৃক পরিচালিত হয়। ব্যবস্থাপনা পরিচালক এ কমিটির সভাপতি করেন।

প্রশিক্ষণ কার্যক্রম ও গ্রন্থাগার উন্নয়ন কমিটি:

কর্পোরেশনের ট্রেনিং ইনস্টিটিউট ও গ্রন্থাগারের সার্বিক কার্যক্রম, গ্রন্থাগারের ভৌত অবকাঠামো উন্নয়ন, বই সংগ্রহ ও নিয়মিত প্রশিক্ষণ আয়োজন এবং বিবিধ বিষয়াবলীর পর্যালোচনা ও উন্নয়ন করার জন্য “প্রশিক্ষণ কার্যক্রম ও গ্রন্থাগার উন্নয়ন কমিটি গঠিত হয়। মহাব্যবস্থাপক (ট্রেনিং) এ কমিটির প্রধান।



ঋণ প্রোডাক্ট ও সেবাসমূহ
LOAN PRODUCTS & SERVICES


পল্লীমা



বিএইচবিএফসি

মেগাসিটি বহির্ভূত অঞ্চলের জনসাধারণের
আবাসন সুবিধা নিশ্চিতকল্পে

পল্লীমা ঋণ



■ ঋণের প্রকৃতি

- ১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- ২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;
- ৩। ফ্ল্যাট ঋণ।

■ সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

- ১। সংশ্লিষ্ট অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
- ২। অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
- ৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
- ৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

■ ঋণের সুবিধা প্রকৃতি

- ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৮.৫০% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
- খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে ৮.৫০% সুদে সর্বোচ্চ সিলিং ৪০ লক্ষ টাকা;
- গ) ফ্ল্যাট ঋণের জন্য ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা।

■ ঋণের আবেদনকারী

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা বাদে দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা এবং উপ-শহর (পেরি-আরবান), উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার নাগরিকগণ।

■ পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫ ও ২০ বছর

■ ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)


- ক) বাড়ী নির্মাণ- ৮০ : ২০
- খ) ফ্ল্যাট - ৭৫ : ২৫

নগরবন্ধু



বিএইচবিএফসি

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাসীর জন্য নগরবন্ধু ঋণ



■ ঋণের প্রকৃতি

- ১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- ২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;

■ সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

- ১। সংশ্লিষ্ট অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
- ২। অনুমোদিত নকশা ও অনুমোদনপত্রের সত্যায়িত;
- ৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
- ৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

■ ঋণের আবেদনকারী

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার নাগরিকগণ;
যাদের বাড়ী নির্মাণ উপযোগী জমির মালিকানা রয়েছে এবং
উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে নির্মিতব্য বাড়ীর অনুমোদিত
নকশা রয়েছে/অনুমোদন গ্রহণ করতে পারবেন।

■ পরিশোধের মেয়াদ

৫,১০,১৫ ও ২০ বছর

- ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)
বাড়ী নির্মাণ- ৮০ : ২০

■ ঋণের সুবিধা প্রকৃতি

- ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি টাকা;
- খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা।

প্রবাসবন্ধু



বিএইচবিএফসি

প্রবাসী বাংলাদেশীদের জন্য প্রবাসবন্ধু ঋণ

■ ঋণের প্রকৃতি

- ১। বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- ২। বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;
- ৩। ফ্ল্যাট ঋণ।

■ সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

- ১। সংশ্লিষ্ট অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
- ২। অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
- ৩। সাইট পরিদর্শনের জন্য রুট-ম্যাপ;
- ৪। মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

■ ঋণের সুবিধা প্রকৃতি

- ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণে ৯% সুদে সর্বোচ্চ সিলিং: ১ কোটি টাকা;
- খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ঋণের ক্ষেত্রে ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
- গ) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা বাদে দেশের অন্যান্য এলাকায় একক ঋণের ক্ষেত্রে ৮.৫০% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা।

■ ঋণ কর্মসূচী বাস্তবায়ন সুবিধা

প্রবাসী বাংলাদেশী নাগরিকদের জন্য দেশের মেট্রোপলিটন এলাকা, সিটি কর্পোরেশন এলাকা, বিভাগীয় সদর, জেলা সদর, গ্রোথ সেন্টার এবং গ্রামীণ উন্নত এলাকায় গৃহনির্মাণ ঋণ প্রদান।

■ পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫, ২০ ও ২৫ বছর

■ ইকুইটি (ঋণ: গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

বাড়ী নির্মাণ- ৭০ : ৩০

ফ্ল্যাট ঋণ



বিএইচবিএফসি

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং
দেশের সকল বিভাগীয়, জেলা সদর পেরি-আরবান ও উপজেলা
সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার জন্য

ফ্ল্যাট ঋণ

■ দাখিলতব্য কাগজপত্র

- ঋণের সাময়িক আবেদন ফরমে ঋণ গ্রহীতা এবং ডেভেলপার অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে উহার তথ্য সংযোজন করতে হবে এবং বন্ধক প্রদানের পূর্বেই ফ্ল্যাটটি অন্য প্রতিষ্ঠানের ঋণ মুক্ত সনদ দিতে হবে;
- ফ্ল্যাট ক্রেতা এবং ডেভেলপার এর সাথে সম্পাদিত ফ্ল্যাট ক্রয়ের রেজিস্ট্রিকৃত চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি দিতে হবে;
- সরকারি ফ্ল্যাটের ক্ষেত্রে বরাদ্দপত্রের সত্যায়িত ফটোকপি দিতে হবে;
- জমির মালিক এবং ডেভেলপার এর সাথে সম্পাদিত চুক্তি পত্রের সত্যায়িত ফটোকপি দিতে হবে;
- অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি দিতে হবে।

ঋণের সুবিধা প্রকৃতি

- ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৮০ লক্ষ টাকা;
- ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটনের অন্যান্য এলাকায় ও দেশের সকল সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
- দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
- পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ-সেন্টার এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ৪০ লক্ষ টাকা।

- ইকুইটি (ঋণ : গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)
৭৫ : ২৫
(প্রবাসবন্ধু ঋণে ৭০:৩০)

- পরিশোধের মেয়াদ
৫, ১০, ১৫, ২০ বছর
(প্রবাসবন্ধু ঋণে ২৫ বছর)

কৃষক আবাসন ঋণ



বিএইচবিএফসি

কৃষক ভাইদের জন্য কৃষক আবাসন ঋণ

ঋণের প্রকৃতি

- বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণ;

সাময়িক আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র

- সংশ্লিষ্ট অফিস হতে বিনামূল্যে সাময়িক আবেদনের ফরম সংগ্রহ করে অথবা কর্পোরেশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে উহা যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে;
- অনুমোদিত নকশা ও অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি;
- সাইট পরিদর্শনের জন্য রুট ম্যাপ;
- মূল দলিল, নামজারী খতিয়ান, ডিসিআর, হালসনের খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি ইত্যাদি।

ঋণের সুবিধা প্রকৃতি

- ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণের ক্ষেত্রে আওতাধীন এলাকায় ৭% সুদে সর্বোচ্চ সিলিং ৩০ লক্ষ টাকা।
- খ) বাড়ী নির্মাণের জন্য গ্রুপ ভিত্তিক ঋণের ক্ষেত্রে আওতাধীন এলাকায় ৭% সুদে সর্বোচ্চ সিলিং ২০ লক্ষ টাকা।

ঋণের আবেদনকারী

পেরি আরবান, উপজেলা সদর এবং গ্রোথ-সেন্টার এলাকার স্থায়ী বাসিন্দা ও স্বচ্ছল কৃষকগণ বিএইচবিএফসি'তে “কৃষক আবাসন ঋণ (একক ও গ্রুপ)” এর জন্য আবেদন করতে পারবে।

পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫, ২০ ও ২৫ বছর

ইকুইটি (ঋণ : গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

বাড়ী নির্মাণ- ৮০ : ২০

আবাসন মেরামত



বিএইচবিএফসি



নির্মিত বাড়ি সংস্কার ও মেরামতের জন্য আবাসন মেরামত ঋণ

■ ঋণের প্রকৃতি

- ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকার নাগরিকগণ যাদের নির্মিত এবং সংস্কার/মেরামত যোগ্য বাড়ী আছে;
- বিএইচবিএফসি হতে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে যথাসময়ে সমুদয় টাকা সুদাসলে পরিশোধকারী ব্যক্তিও ঋণ পেতে পারেন।
- বিএইচবিএফসি হতে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে নির্মিত বাড়ির জন্যও এই ঋণ গ্রহণ করা যাবে। তবে সেক্ষেত্রে মূল ঋণ ও আবাসন মেরামত ঋণের হিসাব পৃথক পৃথক কোন বাড়ী নির্মিত হলে মূল ঋণ ও আবাসন মেরামত ঋণের হিসাব পৃথক পৃথক ক্যাটাগরীতে হিসাবায়ন করা হবে;
- প্রস্তাবিত বাড়ীর মূল্য প্রদানকৃত ঋণের ৫(পাঁচ) গুণ হতে হবে;
- নকশার অনুমোদন ৩৫ বছর অতিক্রম করলে আবাসন মেরামত ঋণ প্রযোজ্য হবে না।

■ ইকুইটি

যেহেতু নির্মিত বাড়ীর জন্য মেরামত ঋণ দেয়া হবে,সেহেতু ভিন্নভাবে ঋণ গ্রহীতার কোন বিনিয়োগ থাকবে না। তবে, কর্পোরেশনের নির্মাণ হার ভিত্তিতে প্রাক্কলিত খরচের সর্বোচ্চ ২৫% পর্যন্ত মেরামত বাবদ ঋণ দেয়া যাবে।

ঋণের সুবিধা প্রকৃতি

- ক) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা;
- খ) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাদে দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় ৮.৫০% সুদে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।

■ পরিশোধের মেয়াদ

৫ ও ১০ বছর

আবাসন উন্নয়ন



বিএইচবিএফসি

অসমাপ্ত বাড়ির নির্মাণ কাজ
সমাপ্ত করার জন্য

আবাসন উন্নয়ন ঋণ

■ ঋণের আবেদনকারী

- ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা, বিভাগীয় ও জেলা সদর এলাকা, পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ-সেন্টার এলাকায় নির্মিত ও নির্মাণাধীন অসম্পূর্ণ নতুন বাড়ী সমাপ্ত করার জন্য ঋণের আবেদন করতে পারবে;
- বহুতল বাড়ী নির্মাণে নকশা অনুমোদন করে নিজস্ব অর্থায়ণে এক বা একাধিক তলা নির্মাণের পর অসম্পূর্ণ নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য শুধুমাত্র এই ঋণ বিতরণ করা হবে;
- বিএইচবিএফসি হতে ইতোপূর্বে ঋণ গ্রহণ করে যথাসময়ে সমুদয় টাকা সুদ-আসলে পরিশোধকারী ব্যক্তি এ ঋণ পেতে পারেন;
- বিএইচবিএফসি হতে গৃহীত ঋণ অপরিশোধিত থাকলে মূল ঋণ ও আবাসন উন্নয়ন ঋণের হিসাব পৃথক পৃথক ক্যাটাগরীতে হিসাবায়ণ করা হবে।

■ ঋণের সুবিধা প্রকৃতি

- ক) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ৯% সুদে সর্বোচ্চ সিলিং ১ কোটি টাকা;
- খ) দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় ৮.৫০% সুদে সর্বোচ্চ সিলিং ৬০ লক্ষ টাকা;
- গ) পেরি-আরবান, উপজেলা সদর ও গ্রোথ-সেন্টার এলাকায় ৮.৫০% সুদে সর্বোচ্চ সিলিং ৪০ লক্ষ টাকা।

■ ইকুইটি (ঋণ : গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

৮০ : ২০

■ পরিশোধের মেয়াদ

৫, ১০, ১৫ ও ২০ বছর

ফ্ল্যাট রেজিস্ট্রেশন



বিএইচবিএফসি

ক্রয়কৃত ফ্ল্যাট নিবন্ধনের জন্য ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণ

■ ঋণের আবেদনকারী

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাসহ দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকায় বায়না চুক্তি ও ফ্ল্যাট ক্রয়ে আবদ্ধ ফ্ল্যাট ক্রেতা এবং ইতোমধ্যে কর্পোরেশন হতে ত্রি-পক্ষীয় চুক্তির মাধ্যমে আংশিক অথবা সম্পূর্ণ টাকা গ্রহণকারী ঋণ গ্রহীতাগণ যারা ফ্ল্যাটটি বন্ধক প্রদানের ব্যবস্থা করবেন।

■ সুদের হার
৯%

■ ঋণের সর্বোচ্চ সিলিং

■ ১৫ লক্ষ টাকা। এক্ষেত্রে ফ্ল্যাট ঋণের নীতিমালায় নির্ধারিত ফ্ল্যাট ঋণের স্ব-স্ব এলাকার সর্বোচ্চ সিলিং এর মধ্যে ঋণ সীমাবদ্ধ থাকবে;

■ ফ্ল্যাট রেজিস্ট্রেশন ঋণের খরচের হিসাব সংশ্লিষ্ট অফিসের আইন কর্মকর্তা নির্ধারণ/প্রাক্কলন করবেন।

■ পরিশোধের মেয়াদ
৫ বছর

সরকারী কর্মচারী গৃহঋণ



বিএইচবিএফসি

সরকারি কর্মচারীদের জন্য গৃহনির্মাণ ও ফ্ল্যাট ঋণ

■ ঋণের আবেদনকারী

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/কার্যালয়সমূহে শুধুমাত্র স্থায়ী পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত কর্মচারী (বেসামরিক/সামরিক), জুডিশিয়াল সার্ভিসে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত সদস্যগণ, পাবলিক বিশ্ববিদ্যালয়ে কেবলমাত্র স্থায়ী পদের বিপরীতে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত পূর্ণকালীন শিক্ষক ও কর্মচারী এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী।

■ ঋণের সর্বোচ্চ সিলিং

৭৫.০০ লক্ষ টাকা
(মাননীয় প্রধান বিচারপতি ও সুপ্রীম কোর্টের
মাননীয় বিচারপতিদের জন্য সর্বোচ্চ ১ কোটি টাকা)

■ ইকুইটি (ঋণ : গ্রহীতার নিজস্ব বিনিয়োগ)

৯০:১০

■ ঋণ প্রাপ্তির যোগ্যতা

ক) আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে;

খ) আবেদনকারীর বয়সসীমা:

- সরকারি কর্মচারীগণ ও জুডিশিয়াল সার্ভিসে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে সর্বোচ্চ ৫৮ (আটান্ন) বছর;
- পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের ক্ষেত্রে অবসরোত্তর ছুটিতে গমনের ০১ (এক) বছর পূর্ব পর্যন্ত আবেদন করতে পারবে।

■ সুদ হার

৯.০০%

(৪% কর্মচারী কর্তৃক প্রদেয় এবং ৫%
সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদেয়)



বিএইচবিএফসি'র কার্যক্রম বিশ্লেষণ


Analysis of BHBFC's Activities

মালিকানা ও তহবিলের উৎস




বিএইচবিএফসি রাষ্ট্র মালিকানাধীন একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধনের পুরোটাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত। কর্পোরেশনের তহবিলের প্রাথমিক উৎস সরকার কর্তৃক পরিশোধিত মূলধন। অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ১১০ কোটি টাকা।

এক নজরে ২০১৮-১৯ অর্থবছরে ঋণ ও আদায়ের বিভিন্ন সূচকে লক্ষ্যমাত্রা ও অর্জন




২০১৮-১৯ অর্থবছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ছিল ৬০০.০০ কোটি টাকা, যার বিপরীতে ঋণ মঞ্জুর হয় ৫৫৩.০৬ কোটি টাকা (৯২.১৮%)। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ছিল ৫০০.০০ কোটি টাকা, যার বিপরীতে ঋণ বিতরণ হয় ৪৩৪.৬৬ কোটি টাকা (৮৬.৯৩%)। শ্রেণিকৃত ঋণ হতে আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ১৩০.৮৬ কোটি টাকা, যার বিপরীতে আদায় হয় ৫৫.৪৮ কোটি টাকা (৪২.৪০%)। মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৫৭১.৮২ কোটি টাকা, যার বিপরীতে আদায় হয় ৫২৮.১৪ কোটি টাকা (৯২.৩৬%)।

এক নজরে ২০১৮-১৯ অর্থবছরে ঋণ ও আদায়ের বিভিন্ন সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার



২০১৮-১৯ অর্থবছরে ঋণ মঞ্জুরী সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৯২.১৮% (৫৫৩.০৬ কোটি টাকা), ঋণ বিতরণ সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৮৬.৯৩% (৪৩৪.৬৬ কোটি টাকা), শ্রেণিকৃত ঋণ হতে আদায় সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৮২.৪০% (৫৫.৪৮ কোটি টাকা) এবং মোট ঋণ আদায় সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৯২.৩৬% (৫২৮.১৪ কোটি টাকা)।


ঋণ মঞ্জুরী সংক্রান্ত



২০১৮-১৯ অর্থবছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ছিল ৬০০.০০ কোটি টাকা, যার বিপরীতে ঋণ মঞ্জুর করা হয় ৫৫৩.৬০ কোটি টাকা (৯২.১৮%)।

বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা, অর্জন ও অর্জনের হার


(কোটি টাকায়)




২০১৮-১৯ অর্থবছরে ঋণ মঞ্জুরীর পরিমাণ ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ৩৭.৭১% বৃদ্ধি পেয়েছে এবং ঋণ সেবা সহজিকরণে কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংস্কারমূলক ও সমন্বয়যোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের ফলে বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীতে প্রবৃদ্ধি হয়েছে ১২১.২২৪%। শতাংশের হিসেবে বিগত ১০ বছরের মধ্যে লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১২১.১৮% অর্জন হয়েছে ২০১২-১৩ অর্থবছরে এবং সর্বনিম্ন ১৫.৩৬% অর্জন হয়েছে ২০১৫-১৬ অর্থবছরে।

২০১৮-১৯ অর্থবছরে জোনাল অফিস ভিত্তিক ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা ও অর্জন


(কোটি টাকায়)



২০১৮-১৯ অর্থবছরে ঋণ মঞ্জুরীতে সর্বোচ্চ ১৬৭.৫১ কোটি টাকা অর্জন করেছে জোনাল অফিস, ঢাকা উত্তর এবং সর্বনিম্ন ১৬.৬৬ কোটি টাকা অর্জন করেছে জোনাল অফিস, সিলেট।




জোনাল অফিস, বরিশাল-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১২৮.০৩% (৩৯.৬৯ কোটি টাকা) এবং জোনাল অফিস, চট্টগ্রাম-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বনিম্ন ৬৬.৬৯% (৪৭.৩৫ কোটি টাকা) ঋণ মঞ্জুরী হয়।



২০১৮-১৯ অর্থবছরে মঞ্জুরীকৃত মোট ঋণের ভেতর সর্বোচ্চ ৩০.২৫% মঞ্জুর হয়েছে জোনাল অফিস, ঢাকা উত্তর এর শাখাসমূহ থেকে আর সর্বনিম্ন ২.২৫% মঞ্জুর হয়েছে জোনাল অফিস, সিলেট এর শাখাসমূহ থেকে।


বিগত অর্থবছরের
তুলনায় ইউনিট মঞ্জুরী
হার ৫০.৭০% বৃদ্ধি
পেয়েছে।



২০১৮-১৯ অর্থবছরে মঞ্জুরীকৃত ইউনিট সংখ্যা ৯৮৩৩টি, যা ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২,২৯৯টি বেশি।


বিএইচবিএফসি'র সূচনালগ্ন থেকে ২০১৮-১৯ অর্থবছর অবধি মোট ২,১৪,৩৫৮ টি ইউনিট এর জন্য ঋণ মঞ্জুর করা হয়।

ঋণ বিতরণ সংক্রান্ত




২০১৮-১৯ অর্থবছরে ঋণ
বিতরণের লক্ষ্যমাত্রা ছিল
৫০০.০০ কোটি টাকা, যার
বিপরীতে ঋণ বিতরণ করা
হয়েছে ৮৩৮.৬৬ কোটি টাকা।

(কোটি টাকায়)




২০১৮-১৯ অর্থবছরে ঋণ বিতরণের পরিমাণ ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ৩৭.৭১% বৃদ্ধি পেয়েছে এবং ঋণ সেবা সহজিকরণে কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংস্কারমূলক ও সময়োপযোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের ফলে বিগত ১০ বছরে ঋণ মঞ্জুরীতে প্রবৃদ্ধি হয়েছে ১২১.২২৪%। বিগত ১০ বছরের মধ্যে লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১২১.১৮% অর্জন হয়েছে ২০১২-১৩ অর্থবছরে এবং সর্বনিম্ন ৬২.০০% অর্জন হয়েছে ২০১৫-১৬ অর্থবছরে।


(কোটি টাকায়)



২০১৮-১৯ অর্থবছরে সর্বোচ্চ ১৩৩.৯৬ কোটি টাকা বিতরণ করেছে জোনাল অফিস, ঢাকা উত্তর এবং সর্বনিম্ন ৭.৬৭ কোটি টাকা বিতরণ করেছে জোনাল অফিস, সিলেট।




জোনাল অফিস, বরিশাল-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১২৪.৭১% (৩১.৮০ কোটি টাকা) এবং জোনাল অফিস, সিলেট-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বনিম্ন ৫২.৯১% (৭.৬৭ কোটি টাকা) ঋণ বিতরণ হয়।



২০১৮-১৯ অর্থবছরে বিতরণকৃত মোট ঋণের ভেতর সর্বোচ্চ ৩০.৮২% বিতরণ হয়েছে জোনাল অফিস, ঢাকা উত্তর এর শাখাসমূহ থেকে আর সর্বনিম্ন ১.৭৬% বিতরণ হয়েছে জোনাল অফিস, সিলেট এর শাখাসমূহ থেকে।

ঋণ আদায় সংক্রান্ত


২০১৮-১৯ অর্থ বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ও অর্জন



(কোটি টাকা)


২০১৮-১৯ অর্থবছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ৫৯১.৮২ কোটি টাকা যার বিপরীতে ঋণ আদায় করা হয়েছে ৫২৮.১৮ কোটি টাকা। অর্জনের হার ৯২.৩৬%।

বিগত ০৫ বছরে মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ও অর্জন




(কোটি টাকা)


২০১৮-১৯ অর্থবছরে ঋণ আদায়ের পরিমাণ ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ৪.২১% বৃদ্ধি পেয়েছে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংস্কারমূলক ও সময়োপযোগী বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের ফলে বিগত ০৫ বছরে ঋণ আদায়ে প্রবৃদ্ধি হয়েছে ৮.৯৩%। বিগত ০৫ বছরের মধ্যে লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ অর্জন হয়েছে ২০১৬-১৭ অর্থবছরে ৯৩.০২% এবং সর্বনিম্ন অর্জন হয়েছে ২০১৪-১৫ অর্থবছরে ৮৬.৯৭%।




২০১৮-১৯ অর্থবছরে শ্রেণিকৃত ঋণ আদায়ে সর্বোচ্চ অর্জন করেছে জোনাল অফিস, ঢাকা উত্তর যার পরিমাণ ২৩.২২ কোটি টাকা এবং সর্বনিম্ন অর্জন করেছে জোনাল অফিস, সিলেট যার পরিমাণ ০.০৯ কোটি টাকা।



জোনাল অফিস, ঢাকা উত্তর -এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ৫০.৯৫% (২৩.২২ কোটি টাকা) এবং জোনাল অফিস ফরিদপুরে-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বনিম্ন ৭.৩৫% (১.০১ কোটি টাকা) শ্রেণিকৃত ঋণ হতে আদায় হয়।



২০১৮-১৯ অর্থবছরে মোট ঋণ আদায়ে সর্বোচ্চ অর্জন করেছে জোনাল অফিস, ঢাকা উত্তর যার পরিমাণ ২২৬.৩৫ কোটি টাকা এবং সর্বনিম্ন অর্জন করেছে জোনাল অফিস, সিলেট যার পরিমাণ ৮.৭৮ কোটি টাকা।




জোনাল অফিস, রাজশাহী -এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বোচ্চ ১১৩.৯৬% (৩৭.৪৮ কোটি টাকা) এবং জোনাল অফিস খুলনা-এ লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বনিম্ন ৭৬.৬৩% (.৩৮.৯৬ কোটি টাকা) ঋণ আদায় হয়।

ঋণের স্থিতি সংক্রান্ত


ঋণ আদায় কার্যক্রম সম্প্রসারণের ফলে বিগত ০৫ বছরে মোট ঋণের স্থিতি বৃদ্ধির সাথে সাথে অশ্রেণীকৃত ঋণের স্থিতির পরিমাণও বেড়েছে। ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ অর্থবছরের অশ্রেণীকৃত ঋণের স্থিতি বেড়েছে ১৮০.১৬ কোটি টাকা।

বিগত ৫ বছরের অশ্রেণীকৃত ঋণের স্থিতি ও হার



(কোটি টাকায়)

বিগত ৫ বছরের শ্রেণীকৃত ঋণের স্থিতি ও হার




(কোটি টাকায়)

বিগত ০৫ বছরে শ্রেণীকৃত ঋণের স্থিতি ও হারের পরিমাণ কমেছে। ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ অর্থবছরে শ্রেণীকৃত ঋণের স্থিতি ১৫.৯৬ কোটি টাকা হ্রাস পেয়েছে।

ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায়ের সার্বিক কার্যক্রমে কর্তৃপক্ষের নিবিড় তত্ত্বাবধানে ২০১৮-১৯ অর্থবছরে ঋণের স্থিতি দাড়িয়েছে ৩২৬০.৯১ কোটি টাকায়, যা বিগত ২০১৭-১৮ অর্থবছরের তুলনায় ১৬৪.২০ কোটি টাকা বেশি।


বিগত ৫ বছরের মোট ঋণের স্থিতি



(কোটি টাকায়)

কর্পোরেশনের আয়, ব্যয় ও আয়কর সংক্রান্ত

বিগত ০৫ বছরে কর্পোরেশনের আয় (Accrual Basis)




(কোটি টাকায়)


২০১৮-১৯ অর্থবছরে কর্পোরেশনের আয় ছিল ২৪২.৮৯ কোটি টাকা, যেখানে ২০২১-২২ অর্থবছরে আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৮৯.৮৩ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০১৮-১৯ অর্থবছরে কর্পোরেশনের আয় ৮.৮৯% বৃদ্ধি পেয়েছে।

ঋণ ও আদায় কার্যক্রম এর বিস্তৃত হওয়ায় ২০২১-২২ অর্থবছরে কর্পোরেশনের পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়ে ১২০.৯৮ কোটি টাকা হয়েছে।


বিগত ০৫ বছরে কর্পোরেশনের ব্যয়



(কোটি টাকায়)




কর্পোরেশন ক্যাশ বেসিস মুনাফার উপর ভিত্তি করে আয়কর প্রদান করে থাকে। ২০১৮-১৯ অর্থবছরে ক্যাশ বেসিসে অর্জিত মুনাফার উপর প্রভিশনকৃত আয়করের পরিমাণ ৮০.১৮ কোটি টাকা।




২০১৮-১৯ অর্থবছরে কর্পোরেশনের মুনাফা অর্জন হয়েছে ১৬৯.৩০ কোটি টাকা। বিগত ২০১৭-১৮ অর্থবছর হতে ২০১৮-১৯ অর্থবছরে মুনাফা বৃদ্ধি পেয়েছে ১৩.০১ কোটি টাকা (৮.৩২%)।

প্রশিক্ষণ সংক্রান্ত

বিগত ৫ বছরে আয়োজিত প্রশিক্ষণ কোর্স সংখ্যা




বিগত ৫ বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা



ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধিতে সর্বদা সচেষ্ট, যার ফলশ্রুতিতে প্রত্যেক অর্থবছরে প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীর সংখ্যা উভয়ই বৃদ্ধি পেয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে যেখানে প্রশিক্ষণ কোর্সের সংখ্যা ছিল মাত্র ১১টি এবং প্রশিক্ষণার্থীদের সংখ্যা ছিল মাত্র ১৬০ জন, সেখানে ২০১৮-১৯ অর্থবছরে প্রশিক্ষণের সংখ্যা ৮১টি এবং প্রশিক্ষণার্থীদের সংখ্যা বেড়ে দাড়িয়েছে ৩৩৯ জন।

মামলা সংক্রান্ত


বিগত ৫ বছরে কর্পোরেশনের মামলা সংক্রান্ত তথ্য



২০১৮-১৯ অর্থবছরে যেখানে মামলার স্থিতি ছিল ১১৫১টি, সেখানে ২০১৮-১৯ অর্থবছরে হ্রাস পেয়ে হয়েছে ৬৩৭টি।


অডিট সংক্রান্ত

বিগত ১০ বছরে কর্পোরেশনের পোস্ট অডিট আপত্তি উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য




২০১৮-১৯ অর্থবছরে ৮৭টি পোস্ট অডিট আপত্তি উত্থাপন ও ৯২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে।

বিগত ১০ বছরে কর্পোরেশনের বাণিজ্যিক অডিট আপত্তি উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য



২০১৮-১৯ অর্থবছরে ৭৮টি বাণিজ্যিক অডিট আপত্তি উত্থাপন ও ৩৬টি আপত্তি নিষ্পত্তি হয়েছে।

২০১৮-১৯ অর্থবছরে খরিদাবাড়ির সংখ্যা



২০১৮-১৯ অর্থবছরে দখলবিহীন খরিদাবাড়ির সংখ্যা ৫৯টি এবং দখলপ্রাপ্ত খরিদাবাড়ির সংখ্যা ৮২টি।

বিএইচবিএফসি: সর্বশেষ দশ বছর BHBFC: Last ten years

Data of BHBFC (2008-09 to 2019-20)											(in Lac Tk)	
SL. No.	Description	2009-10	2010-11	2011-2012	2012-2013	2013-2014	2014-2015	2015-2016	2016-17	2017-18	2018-19	
1	Authorized Capital	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	
2	Paid-up-Capital	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	11000	
3	Reserve Fund	135785	130059	149838	158885	170562	177855	1957.74	1372.78	1412.78	1452.78	
4	Loan Balance	96775	85067	76608	71950	69584	58350	47250				
5	Debenture Payment:											
6	Govt. Deposits & Loans	16271	22021	24521	27250	32250	32250	51500	65462	79300	92138	
7	Tax Payment (Advance)	6395	4737	4315	8014	5400	6327	6597	4644	7960	8264	
8	Provision for Tax	43280	47483	50467	58444	66100	74045	82337	90249	53190	61209	
9	Other Liabilities	17396	13928	73717	85694	66101	81414	90046	97761	61568	70782	
10	Total Capital & Liabilities	320507	322188	325641	340704	357791	362141	385862	407599	394257	425102	
	(a) Loans & Advances	251123	251016	258340	280127	297472	302210	300582	266054	274864	290303	
	(b) Deferred Interest on Unclassified Loan (OBSI)	21462	21067	22114	23955	26143	28406	30729	33060	34808	35788	
11	Fixed Assets	652	653	898	1052	1015	871	827	743	940	1614	
	Cash at Bank (With FDR and share investment)	36778	33617	30755	18056	15623	13734	35862	51700	61690	62003	
12	Other Assets	53416	57968	57762	39659	3397	65828	72043	82141	48682	61245	
13	Total Assets	320507	322188	325640	340704	357791	362141	385862	407599	394257	425102	
14	Total Income	20447	21448	23413	26027	25742	24289	24258	25669	26578	28943	
15	Total Expenditure	9946	10370	9169	9099	8114	8381	8775	10079	10695	12098	
16	Net Profit (Before Tax)	10808	11222	15179	18899	19317	15769	15568	16128	15629	16930	
17	Loan Sanctioned:											
	(a) Number	1110	1254	1487	2101	1107	1154	1154	1301	991	1546	
	(b) Amount	25000	25886	36647	53925	28518	31121	26091	35342	40161	55306	
18	Cumulative Loan											
	(a) Number	70442	71696	73183	75284	76391	77545	77545	79793	80784	82330	
	(b) Amount	406941	432827	469474	523416	551934	583075	609166	644488	684649	739955	
19	Sanctioned Housing											
	(a) Number	4678	5558	6252	7388	3493	4508	4148	5318	4538	6833	
	(b) Cumulative Number	166326	171884	178136	185524	189017	193525	197673	202991	207525	214358	
20	Loan Disbursed:											
	(a) Amount	23401	22433	29808	43339	38990	27173	24798	27851	36645	43466	
	(b) Cumulative Amount	358402	380869	410677	454016	493006	520179	544977	572918	609559	653025	
21	Recoverable Loan											
	(a) Amount	51979	53946	54355	54272	53802	557042	56909	58342	56412	58967	
	(b) Cumulative Amount	599341	653287	707642	761914	815716	871458	928367	986709	1043121	1102088	
22	Loan Recovery											
	(a) Amount	40455	41345	41877	45194	46296	48481	52304	54270	50651	52814	
	(b) Cumulative Amount	516716	41345	599938	645132	691428	739909	792213	846483	897134	949948	
23	Un-Classified Loan	213900	211600	222078	251695	276220	253225	253225	247288	251199	268236	
24	Classified Loan	37223	39416	36262	25977	21252	20578	20578	18765	23664	22067	
	(a) Sub-Standard	14112	14905	13462	8967	6995	6162	6162	5934	9334	7954	
	(b) Doubtful	16487	9952	9864	5925	3467	3590	3590	3095	4229	4716	
	(c) Bad	17406	14559	12936	11085	10790	10826	10826	9556	10100	9397	
25	Total Manpower	11	376	586	578	551	519	519	477	464	702	
26	Number Of Zonal Office	11	14	14	14	14	14	14	10	10	10	
27	Number Of Regional	1	11	11	15	15	15	15	14	14	14	
28	Number of Branch Office	-	-	-	-	-	-	-	61	61	61	



আর্থিক অন্তর্ভুক্তির প্রতিবেদন

Report on Financial Inclusion

পল্লী ও উপশহর অঞ্চলে আবাসন অর্থায়নঃ “Rural and Peri-Urban Housing Finance Project” এর ভূমিকা

বাংলাদেশ একটি ঘনবসতিপূর্ণ দেশ। জনসংখ্যা বৃদ্ধির কারণে গৃহায়ন চাহিদা এবং জনগণের মাঝে গৃহঋণ গ্রহণের প্রবণতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সে প্রেক্ষিতে, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণগ্রাহকের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। এ বিশাল ঋণগ্রহীতার একটি বড় অংশই উপশহর ও পল্লী অঞ্চলের অন্তর্ভুক্ত। অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নত আবাসনের প্রতি জনগণের আগ্রহ এই চাহিদাকে আরো তীব্রতর করেছে। তবে চাহিদার তুলনায় গৃহঋণের সুবিধা অপ্রতুল। অধিকাংশ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ঢাকা ও চট্টগ্রামসহ উন্নত এলাকার উচ্চ আয়ের জনগোষ্ঠীকে লক্ষ্য করে কার্যক্রম চালিয়ে আসছে। এক্ষেত্রে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন নিম্ন ও মধ্যবিত্ত আয়ভুক্ত জনগোষ্ঠীর আর্থিক প্রবেশাধিকার বৃদ্ধির লক্ষ্যে কিছু কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে। উপশহর ও পল্লী অঞ্চলের জনগণের জন্য গৃহঋণ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে বিএইচবিএফসি এর গৃহীত উদ্যোগসমূহের মধ্যে “Rural and Peri-Urban Housing Finance Project” অন্যতম। এই প্রকল্পে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এর ৯৪.৭৫ মিলিয়ন ইউরো অর্থায়ন সহ মোট ১৪০.৩৫ মিলিয়ন ইউরো অর্থ বরাদ্দ রয়েছে। প্রকল্পের বাস্তবায়ন ২০১৮-১৯ অর্থবছর হতে শুরু হয়েছে।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

দেশের শহরতলী এবং গ্রামীণ এলাকায় স্বল্প সুদে ঋণ প্রদানের মাধ্যমে বহুতল ভবনবিশিষ্ট পরিকল্পিত আবাসন নির্মাণে সহায়তা করা প্রকল্পের মূল উদ্দেশ্য। পাশাপাশি নিম্নবর্ণিত লক্ষ্যসমূহও প্রকল্পের লক্ষ্য হিসেবে নির্ধারণ করা হয়েছে-

- প্রকল্পের মাধ্যমে প্রাপ্তব্য আর্থিক সহায়তার যথাযথ বিনিয়োগের মাধ্যমে কর্পোরেশনের আর্থিক ভিত্তি সুদৃঢ় করা;
- পরিকল্পিত আবাসন সৃষ্টির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ভূমিকা রাখা;
- প্রকল্প এলাকায় কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা;
- দেশের আবাসন ব্যবসা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা এবং
- দেশের শহরতলী এবং গ্রামীণ এলাকায় বহুতল ভবন নির্মাণে সহায়তাকরণের মাধ্যমে দেশের কৃষি জমির রক্ষা করা।

প্রকল্প বাস্তবায়ন এলাকাঃ

ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মেট্রোপলিটন এলাকা ব্যতীত দেশের সমগ্র জেলা, উপজেলা ও গ্রোথ-সেন্টারসমূহ।

অভীষ্ট জনগোষ্ঠীঃ

বাস্তবায়নাধীন এলাকার মধ্যবিত্ত ও নিম্নবিত্ত জনগোষ্ঠী।

প্রকল্পের সুবিধাঃ

- | | |
|---------------------------------|-----------------------|
| • প্রকল্পে নির্মিতব্য মোট বাড়ি | ঃ ১০৪৬টি |
| • নির্মিতব্য মোট হাউজিং ইউনিট | ঃ ৭৯৭৬ টি |
| • উপকারভোগীর মোট সংখ্যা | ঃ ৪৭,৮৫৬ জন |
| • সম্ভাব্য কৃষি জমি রক্ষা | ঃ ১৮৫ হেক্টর (প্রায়) |

প্রকল্পের ব্যয় :

- প্রকল্পের মোট ব্যয় : ইউরো ১৪০.৩৫ মিলিয়ন
- বিএইচবিএফসি'র অর্থায়ন : ইউরো ১০.৬৬ মিলিয়ন
- ঋণ গ্রহিতার ইকুইটি : ইউরো ৩৪.৯৪ মিলিয়ন
- আইডিবি এর অর্থায়নের পরিমাণ : ইউরো ৯৪.৭৫ মিলিয়ন

প্রকল্পের Disbursement Profile :

ক্রঃ নং	অর্থবছর	ইন্সটলমেন্ট সেল ফাইন্যান্সিং	OCR Loan
১	২০১৮-২০১৯	ইউরো ৩০.০০ মিলিয়ন	ইউরো ০.৯২ মিলিয়ন
২	২০১৯-২০২০	ইউরো ৩০.০০ মিলিয়ন	ইউরো ৮.১৪ মিলিয়ন
৩	২০২০-২০২১	ইউরো ২৫.১১ মিলিয়ন	ইউরো ০.১৬ মিলিয়ন

প্রকল্পের অর্থায়নের ধরনঃ

আইডিবি এর অর্থায়ন নিম্নবর্ণিত ২টি Mode of Finance এ সম্পন্ন হবে।

ইন্সটলমেন্ট সেল ফাইন্যান্সিং (ISF) :

ইন্সটলমেন্ট সেল ফাইন্যান্সিং (ISF) লোন এর আওতায় আইডিবি ৮৫.১১ ইউরো মিলিয়ন ঋণ প্রদান করবে। এই খাতে প্রাথমিকভাবে ৬,৮৭৫টি হাউজিং ইউনিট নির্মাণে অর্থায়ন পরিকল্পনা রয়েছে। নতুন প্রডাক্টের মাধ্যমে ISF খাতে এ ঋণ প্রদান করা হচ্ছে।

- অর্থায়নের পরিমাণ : ৮৫.১১ মিলিয়ন ইউরো।
- পরিশোধের মেয়াদকাল : ১৮ বছর(প্রতি অর্ধ-বার্ষিক মেয়াদে পরিশোধ)
- গ্রেস পিরিয়ড : ২ বছর (প্রতিবার অর্থ ছাড়করণ পরবর্তী)

অর্ডিনারি ক্যাপিটাল রিসোর্স (OCR) লোন :

অর্ডিনারি ক্যাপিটাল রিসোর্স (OCR) লোন এর আওতায় IsDB থেকে ৯.৩৩ ইউরো মিলিয়ন ঋণ প্রদান করা হবে। আলোচ্য ঋণ সুবিধা প্রাথমিকভাবে ১১০১ টি হাউজিং ইউনিট অর্থায়নে ব্যবহৃত হচ্ছে। এই ঋণ চালুর মাধ্যমে আনুভূমিক সম্প্রসারণের এর গতি-হ্রাস করে উর্ধ্বমুখী সম্প্রসারণ বৃদ্ধি করার মাধ্যমে কৃষি জমি রক্ষা করা যাবে।

- অর্থায়নের পরিমাণ : ৯.৩৩ মিলিয়ন ইউরো।
- পরিশোধের মেয়াদকাল(গ্রেস পিরিয়ড সহ) : ২৫ বছর।
- গ্রেস পিরিয়ড : ৭ বছর।

Islamic Research and Training Institute (IRTI) এর টেকনিক্যাল সহযোগিতা :

Islamic Research and Technical Institute (IRTI) প্রকল্পের ঋণ সুবিধাগুলোকে দক্ষভাবে সমন্বয়ের লক্ষ্যে IsDB ০.৩১ মিলিয়ন ইউরো আর্থিক অনুদান প্রদান করবে। ইসলামিক উইন্ডো স্থাপন তথা কারিগরি সহায়তায় প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণে ব্যবহৃত হবে। বিএইচবিএফসি'র মাঠপর্যায়ের অফিসসমূহে প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনার জন্য এ অনুদানের আওতায় ইসলামিক ডেস্ক খোলা হচ্ছে।

প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি :

প্রকল্পের আওতায় ৫ টি কম্পোনেন্ট রয়েছে। যার মধ্যে কম্পোনেন্ট এ (Financing for Construction of Houses with Related Facilities) এর আওতায় ২০১৮-২০১৯ অর্থবছরে নিম্নবর্ণিত অগ্রগতি সাধিত হয়েছেঃ

ঋণ মঞ্জুরীর পরিমাণ :	২১৬.৯২ কোটি টাকা
ঋণ বিতরণের পরিমাণ :	১৬০.৪১ কোটি টাকা
ঋণগ্রহীতার সংখ্যা :	৬৩৪ জন
ঋণে নির্মিত বাড়ির সংখ্যা :	২৯১ টি
ইউনিট সংখ্যা :	২৮৪২ টি
উপকারভোগীর সংখ্যা :	১৩০৮০ জন
অর্থনৈতিক অগ্রগতি (%) :	২১.১১%
ভৌত অগ্রগতি (%) :	২৭.৮২%
আইডিবি হতে অর্থছাড়ের পরিমাণ:	ক) ISF খাতেঃ ১৫ মিলিয়ন ইউরো।
	খ) OCR খাতেঃ ৫ মিলিয়ন ইউরো।

বর্তমানে শুধুমাত্র ISF খাতে ঋণ মঞ্জুরী ও বিতরণ চলমান রয়েছে। ২০১৯-২০২০ অর্থবছর হতে OCR খাতেও ঋণ মঞ্জুরী ও বিতরণ শুরু করা হবে।

- প্রকল্পের কম্পোনেন্ট বি (Capacity Development program for setting up Islamic Window) অনুযায়ী ইসলামী উইন্ডো স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে ইসলামি শরীয়াহ বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে শরীয়াহ সুপারভাইজরী কমিটি গঠন করা হবে। এছাড়াও এই কম্পোনেন্ট এর আওতায় ইসলামী শরীয়াহ ভিত্তিক প্রডাক্ট তৈরীর প্রক্রিয়া চলমান।
- কম্পোনেন্ট সি (Capacity Development-M&E set up support) এর আওতায় কর্পোরেশনের আইসিটি বিভাগের আইটি বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাগণ কর্তৃক একটি Need Assesment প্রস্তুত করা হয়েছে। Need Assesment অনুযায়ী ১০ টি ল্যাপটপ, ১৪৯ টি ডেস্কটপ, ১৪৯ টি ইউপিএস, ৬০ টি স্ক্যানার এবং ৩৮টি প্রিন্টার ক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে। আইডিবির মতামতের ভিত্তিতে এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।
- প্রকল্পের কম্পোনেন্ট ডি অনুযায়ী (Project Auditor) প্রজেক্ট অডিটর নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় টেন্ডার ডকুমেন্টস প্রস্তুত করা হচ্ছে। যা শীঘ্রই পত্রিকায় প্রকাশ করে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে অডিট ফার্ম নিয়োগ দেওয়া হবে।
- কম্পোনেন্ট ই (Support for PMU & administrative services) এর অধীনে Awareness development program বাস্তবায়নের পরিকল্পনা গৃহীত হয়েছে। পরিবেশ রক্ষা ও পল্লী অঞ্চলের নাগরিক সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বিকল্প জ্বালানী উৎস, শক্তি সঞ্চয়, আধুনিক সুয়ারেজ ব্যবস্থা, সোলার প্যানেল ইত্যাদি প্রযুক্তি সম্বলিত পরিবেশ বান্ধব গৃহ নির্মাণে ঋণ গ্রহীতাদের উৎসাহিত করণের লক্ষ্যে বাংলাদেশের প্রায় সকল জেলার ঋণ প্রত্যাশীদের নিয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় এ কর্মসূচী আয়োজিত হবে।
- প্রকল্পের কার্যাবলী সৃষ্টিভাবে সম্পন্ন করার লক্ষ্যে কম্পোনেন্ট ই এর আওতায় ইতোমধ্যে একজন প্রকল্প পরিচালক এবং দুইজন অতিরিক্ত প্রকল্প পরিচালক পদায়ন করা হয়েছে। প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মকর্তাদের পদায়ন শীঘ্রই সম্পন্ন হবে। এছাড়াও, শীঘ্রই Project Management Unit অফিস উদ্বোধন করা হবে।

পরিশেষে বলা যায়, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন দেশের নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত নাগরিকদের গৃহায়ন ব্যবস্থা উন্নয়ন তথা পল্লী ও উপশহর অঞ্চলে গৃহঋণ সুবিধা বিস্তারের লক্ষ্যে যেসব পদক্ষেপ গ্রহণ করেছে “Rural and Peri-Urban Housing Finance” প্রকল্পটি তার মাঝে একটি অনন্য প্রয়াস হিসেবে বিবেচিত হবে।



বিএইচবিএফসি'র
মাস্ত্ৰপ্ৰতিক গ্ৰাধান্যমমূহ

Recent Priorities
of BHBFC

Housing Finance Scenario of Bangladesh

1.0 Housing Sector of Bangladesh:

- 1.1 **Housing** means to live in a proper house, which is one of the basic needs of human civilization. Since the beginning of evolution, housing is prerequisite for creating a developed civility. Housing is the process which provides shelter, security, privacy and amenities for a decent living. Shortage of housing is a global basic problem. To resolve this problem, Housing sector is formed in every country. In a growing economy context of Bangladesh, Housing sector plays a vital role in Bangladesh's economy. The economy of Bangladesh is now thriving with a very promising GDP (gross domestic product) growth of 3.51%. After liberation and especially after 1990, development in many spheres has been expedited. The housing sector is considered as an extensive and progressive sector as it fills one of the most significant basic needs - shelter. In recent years, developments in infrastructural sector, especially construction of industrial buildings, corporate offices, dwelling houses, roads etc., have increased significantly.
- 1.2 **The housing sector** plays an important role in attaining economic stability. This sector contributes 7.4 % in GDP, which is Tk 14.15 billion in numeric value. According to Article 15 of the Constitution, the provision of the basic necessities of life, including shelter, is a fundamental responsibility of the state to attain. Projection from last population census says that the total housing demand will be 0.8 million units in 2020 and 1.14 million units in 2030.
- 1.3 The number of **urban dwelling people** is almost 35% of the total population now, which is increasing gradually. But the growth of housing sector in the last three years is only 6.0-7.0%. Almost everyone dreams for his/her own house and puts his/her lifetime endeavour for owning a proper shelter. To meet this basic demand there are some state-owned and private institutions, which are involved in home construction, home loan and allotment of plots and flats.
- 1.4 In the **construction of houses**, the real-estate developer companies are directly involved. There were only 10 developer companies in 1980s; their number has now increased to about 2000, and of them 1006 companies are registered member of the Real Estate and Housing Association of Bangladesh (REHAB). However, only 10-15 companies hold 90% share of the real-estate market and their operation is confined only in Dhaka and Chattogram city areas.

1.5 Authorities

The regulators and stakeholders corresponded to formal housing are:

Policy and Regulatory Bottlenecks:

Important policy compliances in the housing market are:

- ✓ Dhaka Structure Plan 2016-2035
- ✓ National Housing Policy 2016
- ✓ Dhaka Mahanagar Building (Construction, Development Protection & Removal) Rule 2008
- ✓ Private House Land Development Rule 2004
- ✓ Real Estate Act 2010
- ✓ National Housing Authority Act 2000
- ✓ 7th Five Year Plan
- ✓ Prudential Regulations for Consumer Finance (Bangladesh Bank)
- ✓ Prudential Regulations for Financial Institutions (Bangladesh Bank)


Stakeholders:

Key stakeholders identified so far are:


- Ministry of Housing,
- National Housing Authority.
- RAJUK,
- Financial Institute: House Building Finance Corporation. Banks, NBFIs.
- Real Estate Developers.
- Construction Material Suppliers/Producers

2.0 Housing Finance of Bangladesh:



2.1 Almost all state-owned and private commercial banks, Bangladesh House Building Finance Corporation (BHBFC), some private financial institutions and non-governmental institutions (NGOs) are financing home construction, flat purchases and commercial building construction.



According to Bangladesh Bank, the housing finance demand in fiscal year 2018-2019 is Tk 1496 billion, which will be Tk 1544 billion next year. Against this growing demand, the total outstanding home loan in 2017-18 fiscal year was TK 815.2 billion, where private commercial banks hold 58.4 per cent contribution. There are also two specialized institutions only for housing finance: the state-owned Bangladesh House Building Finance Corporation (BHBFC) and private sector Delta Brac Housing Finance Corporation Ltd.



2.2 There are many significant differences in the operational procedures of the state-owned and private organizations. For starters, private entities usually target the upper class and upper-middle class customers for financing home construction and flat purchase. The low and lower-middle class do not even get 1.0 per cent of the housing financing benefit. In that situation, as a beacon of hope, the state-owned banks and BHBFC provide home loan facilities in zila sadar, upazila sadar, peri-urban and growth centres all over the country.



2.3 Before the liberation of the country, the House Building Finance Corporation was established to provide housing facilities for the low and lower-middle income group. With limited capital, BHBFC is still trying to provide housing loan facilities for every class of people with the motto "Housing for all". The private commercial banks and financial institutions are not interested to invest outside city corporation areas. But BHBFC has dispersed its loan activities in upazilas and to limited income groups with the highest ceiling of Tk 10 million, lowest 7.0 per cent rate of interest and a maximum repayment period of 25 years.

3.0 Challenges in Housing Sector:

The bigger challenge is to provide housing or housing opportunities for the vast multitude of people living in vulnerable conditions. Creative economic partnerships and incentives may go towards creating housing of diversity. Government land may be given to developers for residential development with the purpose of creating a community where a certain portion of the area should be built for low-income/middle-income habitation.

- ✓ Rise in land price;
- ✓ High apartment price;
- ✓ High home loan interest rate;
- ✓ High property transfer and registration fee;
- ✓ Gap between demand and supply of housing;
- ✓ New dimensions of transportation sector.

এসডিজি এবং বিএইচবিএফসি SDG and BHBFC

উন্নয়ন লক্ষ্যমাত্রা স্থাপনের মাধ্যমে বিশ্বব্যাপী উন্নয়ন অর্জনের প্রচেষ্টা একটি একবিংশ শতকীয় ধারণা। সহস্রাব্দ উন্নয়ন অভীষ্ট (MDG) ঘোষণার মাধ্যমে জাতিসংঘ সর্বপ্রথম বৈশ্বিক পরিমন্ডলে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করে মানব জাতির কাজক্ষিত অগ্রগতি অর্জনের প্রচেষ্টা চালায়। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা পর্যালোচনা করে দেখা যায় বাংলাদেশসহ বিশ্বের বেশ কয়েকটি স্বল্প উন্নত দেশ সফলতা অর্জন করে। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যায় এই উন্নয়ন সুখম ও স্থায়ী নয়। তাই বিশ্বনেতৃবৃন্দ ২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতিসংঘের এক বিশেষ অধিবেশনে পূর্ববর্তী উন্নয়ন প্রচেষ্টার গৃহীত অর্জনে উদ্বুদ্ধ হয়ে নতুনভাবে সুখম ও স্থিতিশীল উন্নয়ন ধারনাকে অগ্রাধিকার প্রদান করে আন্তঃপ্রজন্মের অংশীদারিত্ব বিবেচনায় নিয়ে ঘোষণা করে Transforming Our World: The 2030 Agenda for Sustainable Development. এজেডা-২০৩০ এর ১৭টি Sustainable Development Goals (SDGs), ১৬৯টি টার্গেট ও ২৩২ টি ইন্ডিকেটর নিয়ে বিশ্বের ১৯২টি দেশের সঙ্গে বাংলাদেশ এই এজেডা ২০৩০ সালে বাস্তবায়নে অঙ্গীকার ব্যক্ত করেছে। এই অভীষ্ট লক্ষ্য আমাদের সম্মিলিত আশা আকাঙ্ক্ষাকে ধারণ করে। সহস্রাব্দ উন্নয়ন অভীষ্ট এর যেখানে শেষ, সেখানেই শুরু এই নতুন অভীষ্ট এর যাত্রা। পূর্বসূরি লক্ষ্যসমূহের অসমাপ্ত অংশের সফল সমাপনই এর অভিপ্রায়।



এসডিজি এর অভীষ্টসমূহ ১লা জানুয়ারি, ২০১৬ থেকে নির্ধারিত হয় এবং পরবর্তী পনের বছর ধরে এটি পৃথিবী ও মানব জাতির জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কর্মোদ্দীপক হিসেবে কাজ করবে। টেকসই উন্নয়ন এজেডার সার্থক বাস্তবায়ন ও পূর্ণ সন্ধ্যবহারের মাধ্যমে একটি উচ্চমধ্যম আয়ের রাষ্ট্রে পরিণত হবে বাংলাদেশ। এসডিজি এর মূল ভাবনা হলো 'Leave no one behind' অর্থাৎ সবাইকে উন্নয়নের অংশীদার করতে হবে। পৃথিবীর সকল দেশ, সকল মানুষ ও অংশীদারদের সহযোগে সম্পূর্ণ হবে এই সুবিশাল কর্ম প্রচেষ্টা। সেখানে সরকারের পাশাপাশি থাকবে ব্যক্তিগত খাত, বেসরকারি প্রতিষ্ঠান, তৃণমূল পর্যায়ের সংগঠন এবং সকল জনগোষ্ঠীর প্রতিনিধিদের অংশগ্রহণ। সহজ কথায় শুধুমাত্র বর্তমান প্রজন্ম নয়, ভবিষ্যৎ প্রজন্মকে বিবেচনায় রেখে যে উন্নয়ন সংঘটিত হয় তাই হচ্ছে টেকসই উন্নয়ন। টেকসই উন্নয়ন এজেডার অভীষ্ট, লক্ষ্য ও সূচক প্রভৃতির পরিধি অনেক ব্যাপক ও বিস্তৃত। পৃথিবীর

এমন কোন সমস্যা বা বিষয় নেই যা এর মধ্যে নেই। টেকসই উন্নয়নের মূল উদ্দেশ্য অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশের মধ্যে ভারসাম্য নিশ্চিত করা। তাই একটি ভারসাম্যপূর্ণ ও সমন্বিত প্রক্রিয়ার মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত এই ত্রিমাত্রিক ক্ষেত্রে টেকসই উন্নয়ন অর্জনের অভিযাত্রায় এসডিজি প্রণীত হয়েছে। সরকারের উন্নয়ন অগ্রযাত্রায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনাল কর্পোরেশন (বিএইচবিএফসি) যোগ্য সারথী হতে চায়। টেকসই উন্নয়নের এজেন্ডা বাস্তবায়নে বিএইচবিএফসি যে সকল ক্ষেত্রে অবদান রাখতে সক্ষম:

১. মৌলিক চাহিদা পূরণ;
২. জীবনমানের উন্নয়ন;
৩. পরিকল্পিত উন্নয়নে ভূমির ব্যবহার।

উন্নত জীবনমানের জন্য টেকসই নগর উন্নয়ন ও ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। উন্নত সুবিধাসম্বলিত আবাসনে প্রবেশাধিকার নিশ্চিতকরণে বিএইচবিএফসি প্রতিষ্ঠার শুরু থেকে প্রায় ৭ দশক ব্যাপী অবদান রেখে যাচ্ছে। বিএইচবিএফসি সরকারের প্রণীত ম্যাপিং অনুযায়ী এসডিজি পরিকল্পনা বাস্তবায়ন করে যাচ্ছে।

সরকার কর্তৃক বাস্তবায়নামীন ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্টের (SDG) মধ্যে বিএইচবিএফসি'র জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় ২টি অভীষ্ট প্রাথমিকভাবে চিহ্নিত করেছে যা নিম্নরূপঃ

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা	
অভীষ্ট ৮: সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন	
৮.১	জাতীয় পরিস্থিতি অনুযায়ী মাথাপিছু অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বজায় রাখা এবং বিশেষ করে, স্বল্পোন্নত দেশগুলোতে বার্ষিক ন্যূনতম ৭ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি অর্জন।
৮.১০	সকলের জন্য ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় প্রবেশাধিকার প্রসারিত করতে দেশীয় আর্থিক প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়াও।
অভীষ্ট ১১: অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা	
১১.১	২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মূল্যসাপ্রায়ী আবাসন এবং মৌলিক সুবিধায় প্রবেশাধিকার নিশ্চিত করা সহ বস্তির উন্নয়ন সাধন।
১১.৩	২০৩০ সালের মধ্যে সকল দেশে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই নগরায়ণ ব্যবস্থার প্রসার এবং অংশগ্রহণমূলক, সমন্বিত ও টেকসই জনবসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক সক্ষমতা বৃদ্ধি।

৮.১: অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা অর্জনে সরকার ঘোষিত ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী বিএইচবিএফসি প্রবৃদ্ধি অর্জনে পরিকল্পনা গ্রহণ করেছে। টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার ৮.১ অনুচ্ছেদে জাতীয় পরিস্থিতি অনুযায়ী স্বল্পোন্নত দেশগুলোতে বার্ষিক ন্যূনতম ৭ শতাংশ জিডিপি প্রবৃদ্ধির বিষয় উল্লেখ করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে ৮.১৩% জিডিপি প্রবৃদ্ধি হয়েছে এবং সরকারের উন্নয়ন অংশীদার হিসেবে বিএইচবিএফসি ঋণ বিতরণ কার্যক্রমের আওতা সম্প্রসারণের মাধ্যমে জিডিপি প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখছে। ঋণ বিতরণের দ্বারা গৃহায়ন খাতে সরাসরি অর্থের অনুপ্রবেশের মাধ্যমে অর্থনীতির বহুমাত্রিক উন্নয়নে (Multiple Effect) প্রবৃদ্ধি অর্জন হবে। বিশেষ করে নির্মাণ সামগ্রী উৎপাদন ও বিক্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

ফলে গৃহনির্মাণ এর কর্মসংস্থান খাতে প্রবৃদ্ধি ৬.১২% (২০১৫) হতে ২০২৭ এর মধ্যে ৯.৪১% হবে। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে গৃহ নির্মাণ ঋণ প্রদানের ক্ষেত্রে “ঋণের সুদের হার” একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। আবাসন খাতে ঋণ প্রদানের সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে প্রতিযোগিতা সৃষ্টিকরে বিনিয়োগ বৃদ্ধিকল্পে কর্পোরেশনের ঋণের সুদহার হ্রাস করা হয়েছে।

৮.১০: ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় প্রবেশাধিকার

টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রার এই অনুচ্ছেদে ব্যাংকিং, বীমা ও আর্থিক সেবায় জনসাধারণের প্রবেশাধিকার বৃদ্ধিকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ বিষয়ে উল্লেখ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে বিএইচবিএফসি'র ইতোমধ্যে গুরুত্বপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে।

সাংগঠনিক কাঠামো পুনর্বিদ্যায়ের মাধ্যমে মাঠপর্যায়ের অফিসসমূহকে জোনাল, রিজিওনাল অফিস ও শাখা অফিস হিসেবে বিভক্ত করা হয়েছে। ফলে, কর্পোরেশনের সেবা শহরাঞ্চলের পরিধি অতিক্রম করে উপশহর, প্রান্তরশহর হতে পল্লী অঞ্চলের মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর দৌড়গোড়ায় পৌঁছানো সম্ভব হয়েছে। কর্পোরেশন দেশের প্রায় প্রতিটি জেলা শহরে অফিস স্থাপন করেছে। একই সাথে অবশিষ্ট জেলাসহ উপজেলা পর্যায়ে অফিস খোলার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সাংগঠনিক কাঠামো পরিবর্তনের মাধ্যমে সম্ভাব্য সেবা গ্রহীতা তথা জনসংখ্যার বিপরীতে অফিস বৃদ্ধি করা হয়েছে, যা অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কর্পোরেশনের ভূমিকা বহুলাংশে বৃদ্ধি করবে।

১১. অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাতসহনশীল এবং টেকসই নগর ও জনবসতি:

উক্ত অভীষ্টের ১১.১ অনুচ্ছেদে ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পর্যাপ্ত নিরাপদ ও মূল্য সশ্রয়ী আবাসন এবং মৌলিক সেবাসমূহের প্রবেশাধিকার নিশ্চিত করাসহ বস্তির উন্নয়ন সাধনের বিষয় উল্লেখ করা হয়েছে।

